

স্মারক নং- ৫১.০১.০০০০.০৯৬.০২.০০১.২৩-৪ ৬ ৪


তারিখঃ ০২ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ।
২১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)” ১ম পর্যায়ের বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প তালিকার হার্ড কপি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” বাস্তবায়নে বাজেট বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত বাজেট দ্বারা ৫১টি জেলার ৩৪০ টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। বরাদ্দকৃত অর্থ উপজেলাওয়ারী বিভাজন করে ১ম পর্যায়ের কর্মসূচির বাজেট বিভাজন অনুমোদনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা অনুমোদন সাপেক্ষে উপজেলাওয়ারী বরাদ্দ প্রদান করা হবে। দ্রুত সময়ে এ কর্মসূচি বাস্তবায়নের সুবিধার্থে পূর্ব প্রস্তুতি হিসেবে প্রকল্পসমূহের তালিকা প্রস্তুতপূর্বক অনুমোদন করা আবশ্যিক।

২। এ ছাড়া অনুমোদিত প্রকল্প তালিকা নিজস্ব ওয়েব সাইটে প্রচারের নির্দেশনা পরিপত্র উল্লেখ রয়েছে। ফলে উপজেলাভিত্তি বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের নিমিত্ত ২০২৩-২০২৪ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” এর আওতায় আপনার উপজেলার অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকের ১ম পর্যায়ে বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা আবশ্যিক।

৩। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” বাস্তবায়নে আপনার উপজেলার অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা (হার্ড কপি) আগামী ২৭.০৯.২০২৩ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ কামাল হোসেন)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ৮৮০-২৪৮৮১০৯৯০

ই-মেইল নং ffwegppreport@gmail.com

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

উপজেলা-

জেলা-

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, SMO DMRPA, মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল),
- ৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল),
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল),
- ৮। উপসহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল)
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বা/এ, ঢাকা।
- ১০। পরিচালক (কাবিখা) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বা/এ, ঢাকা।
- ১১। অফিস কপি।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
সাদুল্লাপুর, গাইবান্ধা।

স্মারক নং- ৫১.০১.৩২৮২.০০০.৯৬.০১০.২৩-৪৬,

তারিখঃ ০৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। চেয়ারম্যান..... (সকল ইউপি), সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ২। অফিস নথি।


(মোহাম্মদ রেজাউল করিম)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
সাদুল্লাপুর, গাইবান্ধা।